

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্র: নং-১। পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক্কলিত সংশোধিত বাজেট বরাদ্দের কপি।

সংযুক্ত ক্র: নং-২। পাগলা পয়ঃশোধনাগার বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার খোক বরাদ্দের কপি।

সংযুক্ত ক্র: নং-৩। পূর্বানুমোদিত দরের কপি।

সংযুক্ত ক্র: নং-৪। বর্তমান বাজার দরের কোটেশন।

সংযুক্ত ক্র: নং-৫। ক্যালকুলেশন সীট।

সংযুক্ত ক্র: নং-৬। কাজের প্রাক্কলন।

সংযুক্ত ক্র: নং-৭। আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of Checker plate with related works for primary sedimentation tank-2 under PSTP.

১। সংযুক্ত ক্র: নং ০১ হতে ০৭ দয়া করে দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগারের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে কার্যকরী ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র রয়েছে। উক্ত পয়ঃ উত্তোলন কেন্দ্রে সমূহের মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইন লাইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে শোধন করা হয়। ঢাকা মহানগরীর নারিন্দা সেন্ট্রাল পয়ঃ উত্তোলন কেন্দ্র ও স্বামীবাগ পয়ঃ উত্তোলন কেন্দ্র হতে সরবরাহকৃত পয়ঃ সমূহ লিফট পাম্প স্টেশনের ইনলেট চেম্বারে জমা হয়। আগত পয়ঃ সমূহকে ০৩টি লিফট পাম্পের মাধ্যমে উত্তোলন করে গ্রীড চেম্বার এর মাধ্যমে ডিস্ট্রিবিউশন চেম্বারে প্রেরণ করা হয়, অতঃপর পয়ঃ সমূহ ডিস্ট্রিবিউশন চেম্বারে মাধ্যমে ৪টি প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক তে যায়। প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক এর গিয়ার বক্সের মাধ্যমে স্ট্রায়ার অনবর্ত ঘূনায়মান থাকার কারণে শোধিত পানি বাফেল প্লেট ওভার ফ্লো করে চ্যানেলের মাধ্যমে মেজারীং চেম্বারের মাধ্যমে ৪০% শোধিত পানি ফ্যাকালটেটিভ লেগুন টাইপ-বি তে এবং ৬০% শোধিত পানি ফ্যাকালটেটিভ লেগুন টাইপ-এ পতিত হয়। প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকে স্ট্রায়ার অনবর্ত ঘূনায়মান থাকার কারণে পয়ঃ সমূহের মধ্যকার স্লাজ প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকের কনিক্যাল সেপের নিম্নাংশে জমা হয় যা স্লাজ পাম্পের মাধ্যমে পাম্পিং করে স্লাজ লেগুনে ফেলা হয়। ফ্যাকালটেটিভ লেগুন সমূহের শোধিত পানি আউটফল পাম্পের মাধ্যমে পাম্পিং করে ক্লোরিন ডোজিং এর মাধ্যমে বুড়িগঙ্গা নদিতে পতিত করা হয়। বর্তমানে প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক নং-২ এর ওয়াক ওয়ে এর সিট গাইড প্লেট, সার্পোট এবং আনুষঙ্গিক যন্ত্রাংশ ইরোশন ও করোশন হয়ে মরিচা ধরে ঝাঝড়া হয়েছে। কাজেই প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংক নং-২ এর ওয়াক ওয়ে এর সিট গাইড প্লেট, সার্পোট এবং আনুষঙ্গিক যন্ত্রাংশ পরিবর্তন করা প্রয়োজন।

১.১। সেই লক্ষ্যে পূর্বানুমোদিত দর ও বর্তমান বাজার দরের ভিত্তিতে "Supply of Checker plate with related works for primary sedimentation tank-2 under PSTP" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৯,৯৯,৮৫২.৮০০ (নয় লক্ষ নিরানব্বই হাজার আটশত বায়ান্ন দশমিক আট শূন্য শূন্য) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের বাজেট সংশোধিত বরাদ্দের "পরিচালন ও রক্ষণাবেক্ষণ" এর (কোড ০১-০৪-০১১) খাতের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-২২২; প্যাকেজ নং- RG52 হতে নির্বাহ করা যেতে পারে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) অনুসরণে Open Tendering Method (OTM) e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান,

চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Supply of Checker plate with related works for primary sedimentation tank-2 under PSTP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ (১) ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি ১ উপ-বিধি মোতাবেক (OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৯,৯৯,৮৫২.৮০০ (নয় লক্ষ নিরানব্বই হাজার আটশত বায়ান্ন দশমিক আট শূন্য শূন্য) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “পরিচালন ও রক্ষণাবেক্ষণ” এর (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি পয়ঃ শোধনাগার সার্কেল মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


18/5/25


18.05.2025


18/5/25

মোঃ নুর হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।

ইস্যু নং... ২৫২/পয়ঃ শোঃ
তারিখ... ২৫/০৫/২৫

SE(WST/PC).

XEW(PSTP)

১.৪৭ অনুমোদিত।


18/5/25

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।